

## যশোর শিক্ষা বোর্ডে অফিস কক্ষেই প্রধান শিক্ষিকার শ্রীলতাহানির চেষ্টা

### যশোর অফিস

যশোর শিক্ষা বোর্ডে কাজে আসা এক প্রধান শিক্ষিকাকে বোর্ড অভ্যন্তরে এক কর্মকর্তা কু-প্রস্তাব ও শ্রীলতাহানির চেষ্টা করেছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় অভিযুক্ত প্রোগ্রামার হাবিবুর রহমানের বিচার চেয়ে মঙ্গলবার বোর্ডের চেয়ারম্যান বরাবর লিখিত আবেদন করেছেন ডুজডোগী শিক্ষিকা। এনিয়ে, শিক্ষা বোর্ডে তোলপাড় চলছে।

যশোর বোর্ড সূত্র মতে, চুয়াডাঙ্গার দর্শনা এলাকার এক প্রধান শিক্ষিকা ৮ আগস্ট শিক্ষা বোর্ডে প্রশ্ন আপলোড ট্রেনিংয়ে অংশ নিতে আসেন। এদিন ট্রেনিং শেষে তিনি এ সংক্রান্ত একটি সমস্যা নিয়ে প্রথমে উপ-সহকারী প্রকৌশলী কামাল হোসেনের সঙ্গে যোগাযোগ করেন। পরে কামাল হোসেনের পরামর্শে প্রোগ্রামার হাবিবুর রহমানের সঙ্গে যোগাযোগের জন্য তার রুমেরে যান। তখন হাবিবুর রহমানকে সমস্যা সমাধানের কথা বলেন। এক পর্যায়ে হাবিবুর রহমান ওই শিক্ষিকার হাত ধরেন। এরপর তিনি অফিস : গৃহ : ২ ক : ২

### অফিস : কক্ষেই (১৬ পৃষ্ঠার পর)

শিক্ষিকাকে কুপ্রস্তাব দেন ও তার বাসায় থাকার কথা বলেন। এক পর্যায়ে তিনি তার রুম থেকে বের হয়ে যান। সাড়ে চারটায় ট্রেনিংয়ে বাড়ি ফেরার জন্য ওই দিন তিনি কাউকে কিছু বলেননি। ৩০ আগস্ট তিনি এ ঘটনা উল্লেখ করে বোর্ড চেয়ারম্যানকে লিখিতভাবে জানিয়ে বিচার চেয়েছেন।

এ বিষয়ে বক্তব্য জানতে অভিযুক্ত প্রোগ্রামার হাবিবুর রহমানের ফোনে একাধিকবার যোগাযোগ করেও সংযোগ পাওয়া যায়নি। এ ব্যাপারে যোগাযোগ করা হলে বোর্ড চেয়ারম্যান প্রফেসর আবদুল মজিদ সাংবাদিকদের জানান, তিনি অভিযোগটি পেয়েছেন। এটি খতিয়ে দেখা হচ্ছে। অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।